

# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রাজশাহী | 11 April, 2025

লালমনিরহাটে দুধের সন্তানকে বিক্রি করে লাপান্তা হওয়া আশরাফুল ইসলাম নামে এক বাবার বিরুদ্ধে অভিযোগ করেছেন ওই সন্তানের মা। গত বুধবার বিকালে সন্তানের আপন বাবা আশরাফুল সহ চার জনের নামে আদিতমারী থানায় লিখিত অভিযোগ দেন মা শাহনাজ বেগম। ঘটনাটি ঘটেছে লালমনিরহাটের আদিতমারী উপজেলার ভেলাবাড়ি ইউনিয়নে।

অভিযুক্ত আশরাফুল ইউনিয়নের শালমারা গ্রামের আব্দুল আজিজের ছেলে। শাহনাজ তার সাবেক স্ত্রী এবং একই এলাকার মৃত রহিম উদ্দিনের মেয়ে।

স্থানীয়রা জানান, গত ৩ বছর আগে শাহনাজ বেগমের সাথে বিয়ে হয় আশরাফুলের। বিয়ের পর থেকে যৌতুক নিয়ে বিবাদ চলে আসছিল তাদের সংসারে। এরই মধ্যে কন্যা সন্তানের মা হন শাহনাজ। কন্যা সন্তান জন্ম দেওয়ায় ক্ষিপ্ত হয় স্বামী আশরাফুল। একপর্যায়ে তাদের বিচ্ছেদ হয়। পরে কৌশলে এক বছরের সন্তানকে নিজের কাছে রেখে আশরাফুল হক নামে এক প্রতিবেশীর কাছে বিক্রি করে পালিয়ে যায় আশরাফুল ইসলাম।

নাড়ি ছেঁড়া ধন বিক্রির কথা শুনে স্থানীয় মাতব্বরদের দুয়ারে দুয়ারে ঘুরে নিষ্ফল হয়ে ফেরেন মা শাহনাজ বেগম। অবশেষে বিক্রি হওয়া সন্তানকে ফিরত পেতে বুধবার সাবেক স্বামী আশরাফুল ইসলামকে প্রধান করে ৪ জনের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দায়ের করেন মা শাহনাজ।

এ ব্যাপারে শিশুটির পালক বাবা আশরাফুল হক জানান, 'আমাদের সংসারে কোন সন্তান নেই। তাই স্থানীয়দের মাধ্যমে শিশু আরফিনাকে তার বাবার কাছ থেকে কিনে নিয়েছি'।

শিশুটির মা শাহনাজ বেগম জানান, 'আমার মেয়েকে নিয়ে বিক্রি করেছে যৌতুক লোভী আমার সাবেক স্বামী আশরাফুল। দুধ না পেয়ে আমার মেয়ে কান্না করছে আর আমিও বাচ্চাকে খাওয়াতে না পেয়ে অসুস্থ হয়ে পড়েছি। আমার বাচ্চাকে ফেরত পেতে অনেকের হাতে পায়ে ধরেছি কেউ আমাকে সহযোগীতার হাত বাড়ায় নাই। তাই বাধ্য হয়ে থানায় দারস্থ হয়েছি। আমি আমার নাড়ি ছেঁড়া ধনকে ফেরত চাই।'

আদিতমারী থানার ওসি আলী আকবর জানান, 'অভিযোগ পেয়েছি। তদন্ত করে আইনগত ব্যবস্থা নেয়া হবে।'

সন্তান বিক্রি লাপান্তা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:25

URL: <https://timestodaybd.com/public/rajshahi/624775807>